গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৬-২৬৯ তারিখঃ ১৪/১১/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী-২ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-২ পাতা।

১৪/১১/১৬

(ড. শেখ হারুনুর রশিদ আহমদ)
উপসচিব (বাজেট)
ফোনঃ ৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৪-২৫, দিলকুশা বা/এ, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন/বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-২/ব্লু ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৪. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পাণি সম্পদ ও পল্লী প্রতিস্থান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী সচিব (আইসিটি),মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. সিনিয়র সহকারী সচিব (বাজেট-২০ শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাকসুদুল হাসান খান<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থানঃ | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১০/১১/২০১৬ খ্রিঃ |
| সময় | : | বেলা ২.৩০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

**বিগত সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ:** সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি বিগত ০৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

অত:পর সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে উপসচিব (বাজেট) সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রথমেই ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন বিষয়ে সভায় উপস্থাপন করেন।

**১.০ আলোচ্যসূচিঃ-১: ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদনঃ**

উপসচিব (বাজেট) অর্থ বিভাগের ০৩/১০/২০১৬ খ্রিঃ তারিখের নং-০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৬-৬৩৭ সংখ্যক স্মারকে জারীকৃত পরিপত্রে প্রদত্ত নীতিমালা অনুসরণ করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়সহ মন্ত্রণালয়াধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রণীত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে রাজস্ব প্রাপ্তি ৫১৬৫ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে এবং অনুন্নয়ন খাতে ৯৯১৮৫ লক্ষ টাকা ও উন্নয়ন খাতে ৮১০২৯ লক্ষ টাকা সর্বমোট ১৮০২১৪ লক্ষ (এক হাজার আটশত দুই কোটি চৌদ্দ লক্ষ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। সে অনুযায়ী বাৎসরিক ৪ কোয়ার্টার ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সভাপতি উপস্থাপিত প্রতিবেদনের উপর সভায় আগত প্রতিনিধিদের বক্তব্য/মতামত আহ্বান করেন। এ প্রসঙ্গে বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান/প্রতিনিধি তাঁদের নিজ নিজ প্রতিষ্ঠানের পরিকল্পনা অনুযায়ী উপস্থাপিত প্রতিবেদন সঠিক রয়েছে বলে মতামত দেন।

সভার এ পর্যায়ে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অর্থ ছাড়ের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ সমান ৪ কোয়ার্টারে ছাড় করার পরামর্শ প্রদান করেন। বর্ণিত আলোচনায় অংশ নিয়ে অর্থ বিভাগের যুগ্মসচিব (বাজেট-৬) বিভাজনকৃত অর্থ ছাড়ে উদ্ভূত বিভিন্ন সমস্যা নিরসনে বাৎসরিক বাজেটকে সময়োপযোগী করে বিভাজন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। এ প্রসঙ্গে তিনি বহুল প্রচলিত ৪ কোয়ার্টারে বিভাজনকৃত অর্থকে প্রয়োজন অনুযায়ী বিভাজন করার ওপর গুরুত্বারোপ করেন। অর্থাৎ যে কোয়ার্টারে ঠিক যে পরিমাণ অর্থের প্রয়োজন সে অনুযায়ী বাজেট বিভাজন করা হলে পরিকল্পনা অনুযায়ী কর্ম সম্পাদন আরো সহজতর হবে মর্মে মতামত প্রদান করেন। তাঁর বক্তব্যের প্রেক্ষিতে

সভাপতি মহোদয় বছরের শুরুতেই কর্মপরিকল্পনা করার সময় কোন কোন খাতে কত টাকা প্রয়োজন তা নির্ধারণপূর্বক বাস্তবতার নিরিখে কার্যকর বার্ষিক বাজেট পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত এ মন্ত্রণালয়সহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্তঃ**

১.১। অর্থ বিভাগের প্রদত্ত নীতিমালা অনুযায়ী ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়নের লক্ষ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-২: ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ত্রৈমাসিক অর্জন পরিবীক্ষণঃ**

উপসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাতে ২০১৬-১৭ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ত্রৈমাসিক অর্জন পরিবীক্ষণান্তে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনা করার কথা বলা হয়েছে। সে মোতাবেক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক (জুলাই থেকে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত) অর্জন মন্ত্রণালয়নসহ অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে পাওয়া গিয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে কর্মসম্পাদন চুক্তির ৫টি কৌশলগত উদ্দেশ্য এবং ৪৭টি কার্যক্রম রয়েছে। প্রতিটি কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নে পৃথক পৃথক কার্যক্রমসমূহের ত্রৈমাসিক অর্জন পরিবীক্ষণান্তে সভায় উপস্থাপন করা হয়। চলতি অর্থ বছরের জন্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ত্রৈমাসিক অর্জন সভায় পর্যালোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ**

২.১। ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত) অর্জন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.০। আলোচ্যসূচি-৩: বিবিধঃ**

বিবিধ বিষয়ে আলোচনার সূত্রপাত করে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর তাঁর দপ্তরের অনুকূলে মৎস্য অভয়াশ্রম নামক নতুন কোড সৃজনের জন্য এবং ক্ষতিপূরণ নামীয় ১টি কোড বরাদ্দের জন্য পুনরায় অনুরোধ জানান। উল্লেখিত আলোচনার সূত্রধরে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর তাঁর দপ্তরের অনুকূলে দেশী গাভীর উৎপাদন নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় নিয়ে যাওয়ার লক্ষ্যে দেশী গাভী ক্রয় সংক্রান্ত এবং প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন ক্যাম্পাসসমূহে ঘাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্যাম্পাস নার্সারি নামীয় অপর একটি অর্থনৈতিক কোড সৃজনের বিষয়েও অনুরোধ করেন। আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট তাঁর দপ্তরের অনুকূলে পুকুর খনন নামীয় একটি অর্থনৈতিক কোড সৃজনের বিষয়েও অনুরোধ করেন। এ বিষয়ে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, মৎস্য অধিদপ্তরের অনুকূলে মৎস্য অভয়াশ্রম এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুকূলে দেশী গাভী ক্রয় এবং ক্যাম্পাস নার্সারি নামীয় ২টি অর্থনৈতিক কোড সৃজনের প্রস্তাব ইতোমধ্যে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

বিবিধ বিষয়ে আলোচনার সূত্রপাত করে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মৎস্য) জানান যে, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের অনুকূলে পুকুর খনন-এর কাজটি বিদ্যমান অন্যান্য মেরামত ও সংরক্ষণ খাত থেকে ব্যয় করা যায় এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের দেশী গাভী ক্রয়ের পরিবর্তে প্রাণিক্রয় সংক্রান্ত অর্থনৈতিক কোড সৃজনের প্রস্তাব করার অভিমত ব্যক্ত করেন।

**সিদ্ধান্তসমূহ:**

১। মৎস্য অধিদপ্তরের অনুকূলে অভয়াশ্রম নামীয় অর্থনৈতিক কোড সৃজনের বিষয়টি ফলোআপ করতে হবে এবং ক্ষতিপূরণ নামীয় একটি অর্থনৈতিক কোড বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

২। দেশী গাভী ক্রয়-এর পরিবর্তে প্রাণিক্রয় নামীয় অর্থনৈতিক কোড সৃজনের বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি অনুযায়ী সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৪/১১/২০১৬
(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।